

আন্তর্জাতিক

ফের ইয়েমেনে সামরিক অভিযানের কথা ভাবছে সৌদি



প্রতিবেদক: Dhaka Probe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ইয়েমেনের হুথি বিদ্রোহীদের ক্রমবর্ধমান হুমকির মুখে তাদের ওপর নতুন করে সামরিক আগ্রাসন চালানোর বিভিন্ন পথ ও কৌশল খতিয়ে দেখছে সৌদি আরব। দীর্ঘ চার বছর ধরে চলা অনানুষ্ঠানিক যুদ্ধবিরতি ভেঙে সম্প্রতি দুই পক্ষের মধ্যে নতুন করে সংঘাত শুরু হওয়ার পর এই পরিস্থিতি তৈরি হয়েছে।

সংশ্লিষ্ট কূটনৈতিক ও আঞ্চলিক সূত্রগুলো জানিয়েছে, হুথিকে লক্ষ্য করে আক্রমণাত্মক সামরিক অভিযান পরিচালনার জন্য পর্দার আড়ালে সৌদি আরবকে সবুজ সংকেত ও প্রয়োজনীয় স্বাধীনতা দিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। তবে রিয়াদের শীর্ষ নেতৃত্ব এখনো এই বিষয়ে চূড়ান্ত কোনো সিদ্ধান্ত গ্রহণ করেনি।

মার্কিন এবং পশ্চিমা কর্মকর্তাদের মতে, ওয়াশিংটন ও তেহরানের মধ্যকার ব্যাপক উত্তেজনার মাঝে হুথিকে কীভাবে মোকাবিলা করা হবে, তা নিয়ে খোদা সৌদি রাজদরবারের ভেতরেও মতভেদ দেখা দিয়েছে।

সাম্প্রতিক এই উত্তেজনার সূত্রপাত হয় চলতি মাসের শুরুতে। ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনির জানাজায় অংশ নিতে হুথি কর্মকর্তাদের বহনকারী একটি বিমান সানা বিমানবন্দর থেকে তেহরানের উদ্দেশ্যে যাত্রা করে। অভিযোগ উঠেছে, বিমানটি যেন সানায় ফিরে আসতে না পারে সেজন্য সৌদি আরব সানা বিমানবন্দরে বোমাবর্ষণ করে। এর জবাবে চলতি সপ্তাহের শুরুর দিকে সৌদি আরবের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় শহর আবহায় ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালায় হুথি। হুথি নেতা আব্দুল মালিক আল-হুথি এক টেলিভিশন ভাষণে সৌদি আরবকে কঠোর হুঁশিয়ারি দিয়ে বলেছেন, রিয়াদ যদি ইয়েমেনে পুনরায় হামলা চালায়, তবে সৌদির সমস্ত তেল শোধনাগার এবং গুরুত্বপূর্ণ স্থাপনা হুথিদের ক্ষেপণাস্ত্র ও ড্রোনের লক্ষ্যবস্তুতে পরিণত হবে। তিনি সাফ জানিয়ে দিয়েছেন, বিমানবন্দরের বদলে বিমানবন্দর এবং বন্দরের বদলে বন্দরে আঘাত হানা হবে।

সূত্র: মিডল ইস্ট আই

এ বিভাগের আরও খবর



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ, চাপে সরকার
ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকেরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেলজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্সে...



কসো নদীতে নৌকা ডুবে ২২ জনের মৃত্যু

গণতান্ত্রিক গ্রেগাতন কসো নদীতে দুটি নৌকার সংঘর্ষের পর একটি যাত্রীবাহী নৌকা ডুবে অন্তত ২২ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আরও বহু যাত্রী...



হরমুজে উদ্বেগের মধ্যেও কমেছে অপরিশোধিত তেলের দাম

মধ্যপ্রাচ্য থেকে তেল সরবরাহ স্বাভাবিক থাকায় এবং জি৭ জোটের কৌশলগত মজুত থেকে জরুরি তেল ছাড়ার ঘোষণায় আন্তর্জাতিক বাজারে উদ্বেগ কিছুটা কমেছে। এর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/fer-iyemene-samrik-obhijaner-ktha-bhabchhe-soudi>